তারিখ 18 NOV 2013
পৃষ্ঠা ৪ কলাম ২

চট্টগ্রাম সিটি করপোরেশন

# বছরে ১৭ কোটি টাকা ভর্তুকি দিয়ে ৭০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করছে : মেয়র

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম সিটি করপোরেশন পরিচালিত ১৬টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের সভা গতকাল সকালে সিটি করপোরেশন আবদুস সাত্তার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র আলহাজ মোহাম্মদ মনজুর আলম সভায় সভাপতিত্ব করেন।

সভাপতির বক্তব্যে সিটি মেয়র এম. মনজুর আলম বলেন, আমাদের সীমাবদ্ধতা আছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা, শিক্ষকদের বেতন ভাতা ও অবকাঠামোসহ অন্য খাতে করপোরেশন তার রাজস্ব আয়ের বিরাট একটি অংশ ব্যয় করে যাচ্ছে। এই উপমহাদেশে চট্টগ্রাম সিটি করপোরেশন একমাত্র প্রতিষ্ঠান যা শিক্ষা প্রসারে বছরে ১৭ কোটি টাকা ভর্তুকি দিয়ে ৭০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করে আসছে। এই উদ্যোগের মূল উদ্দেশ্য হচ্ছে ছেলেমেয়েদের শিক্ষাদীক্ষায় জ্ঞানবিজ্ঞানে স্বনির্ভর করা।

মেয়র আরও বলেন, ছাত্রছাত্রীদের ভালো ফলাফল করা এবং মেধা ও প্রতিভা বিকাশে স্কুলের শিক্ষকদের একা দায়িত্ব পালন করা সম্ভব নয়- অভিভাবক মহলেরও দায়িত্ব রয়েছে। তাই মেয়র শিক্ষার মান বৃদ্ধি, ছাত্রছাত্রীদের পাঠদানের ক্ষেত্রে আন্তরিক ও দায়িত্বশীলতার সঙ্গে নিজ কর্তব্য পালনের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। পূর্বাহ্নে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ বিগত বছরের তাদের আয়-ব্যয়, জেএসসি, এসএসসি পাসের হার ও বিভিন্ন সমস্যা এবং শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক অবস্থা সভায় উপস্থাপন করেন। মেয়র অভিভাবকদের প্রতি তাদের সন্তানদের নিয়মিত স্কুলে আসা-যাওয়া, পড়ালেখার বিষয়টি খেয়াল রাখার জন্য অনুরোধ করেন।